
# রূপতত্ত্ব: ধারণা ও তাত্ত্বিক পরিসর




## Morphology: Concept and Theoretical Perspective

# সাধারণ কিছু পরিভাষা

**Basic terminology**

- Morphology
- Morpheme
- Morph
- Allomorphs

# What is Morphology?

- Morphology is the scientific stu
  formation.
- Minimal meaningful / gramma
  word.
- The study of patterns of word

# রূপতত্ত্ব (morphology)

## রূপতত্ত্ব কী?

ভাষায় ব্যবহৃত শব্দের গঠন-নির্মাণই রূপতত্ত্ব (morphology)। Morphology কথাটি এসেছে morph থেকে, যার অর্থ হল রূপমূল বা রূপিম। সেই রূপমূল থেকে শব্দ কীভাবে গঠিত হয়, কীভাবে তা বাক্যে ব্যবহৃত হয়, সেসবই রূপতত্ত্বের আলোচ্য। রূপমূল (morph বা morpheme) হল ভাষার ক্ষুদ্রতম অর্থপূর্ণ খণ্ড অর্থাৎ ভাষার ক্ষুদ্রতম অর্থপূর্ণ টুকরো। সেই টুকরোগুলি কীভাবে একে অপরের সঙ্গে যুক্ত হয়ে শব্দগঠন করে, তা-ই হল রূপতত্ত্বের মূল কথা।

## রূপতত্ত্বের আলোচ্য বিষয়

রূপতত্ত্বে সাধারণভাবে শব্দের গঠন ও গঠনপ্রক্রিয়াই আলোচ্য বিষয়। তবে বিশদভাবে বলতে গেলে, ভাষায় শব্দগঠনের যতরকম প্রক্রিয়া আছে সেসবই রূপতত্ত্বে আলোচিত হয়। কাজেই প্রত্যয়, বিভক্তি, সমাস, শব্দের দ্বিত্ব, উপসর্গ, অনুসর্গ প্রভৃতি সব প্রকরণই রূপতত্ত্বের আলোচনায় আসবে।

# Morpheme

- Minimal, meaningful unit of
  grammar of a language.
- Not further divisible or analy
  smaller forms.
- If we try to break up a morph
  identity and it left with mean

## রূপমূল বা রূপিম:

গ্রীক শব্দ 'Morphe' থেকে ইংরেজিতে 'Morpheme' শব্দটি এসেছে। বাংলায় 'Morpheme' শব্দটির প্রতিশব্দ রূপমূল। সাধারণত একাধিক ধ্বনি মিলে গঠিত হয় শব্দ। শব্দের গঠন, রূপবৈচিত্র্য ইত্যাদি আলোচনা করা হয় রূপতত্ত্বে। এখানে জেনে রাখা, দরকার আমরা অনেক সময়ই ধ্বনির পরবর্তী ধাপ শব্দ বলে চিহ্নিত করি। কিন্তু ভাষাবিজ্ঞানীরা মনে করেছেন ধ্বনির পরবর্তী ধাপ রূপমূল। আর রূপমূল হল এক বা একাধিক স্বনিমের সমন্বয়ে গঠিত। বিষয়টি একটি উদাহরণের সাহায্যে বলা যেতে পারে। ধরা যাক স্বামী-স্ত্রীর সংলাপে উঠে আসা কথাবার্তা—

> স্ত্রী : জান তো, এম. পি জুয়েলার্সে ধনতেরাস উপলক্ষে সোনার গহনার মজুরিতে ৩০ শতাংশ ছাড় দিচ্ছে।
>
> স্বামী: অ!

উপরোক্ত বাক্যতে স্বামীর সংলাপ হওয়া উচিত ছিল 'তাই নাকি!' কিন্তু এখানে 'অ' ধ্বনিটির দ্বারা বাক্যের কাজটি করা হল। 'অ' ধ্বনিটি বাস্তবে সেইরকম অর্থপূর্ণ নয়, কিন্তু স্বামীর সংলাপে তা একটা বাক্যের অর্থপ্রকাশ করেছে, পূর্ণতা পেয়েছে। এই ক্ষেত্রে 'অ' রূপিম বা রূপমূলের কাজ করেছে। সুতরাং সাধারণভাবে বলা যায় 'ক্ষুদ্রতম বাক্যিক এককের নামই রূপিম'।

রূপমূল বা রূপিমের সংজ্ঞা:

রূপিম সম্পর্কে অনেকেই বক্তব্য রেখেছেন—

গ্লিসন : "Morphemes are generally short sequences of phonemes. These sequences are recurrent but not all recurrent sequences are morphemes. Morphemes can be usefully described as the smallest meaningful units in the structure of the language."

ব্লুমফিল্ড : "A linguistic form, which bears no partial phonetic-semantic resemblance to any other form, is a simple form or morpheme."

নীদা : "Morphology is the study of morphemes and their arrangements in the forming words. Morphemes are the meaningful units which may constitute words or parts of words."

ভাষাবিজ্ঞানীদের দেওয়া রূপমূল সম্পর্কিত বক্তব্য থেকে যে কথাটি উঠে এসেছে সেটি হল রূপিম 'minimal linguistic sign'। অর্থাৎ রূপিম হল 'ক্ষুদ্রতম ভাষিক চিহ্ন'। বিষয়টি ব্যাখ্যা করলে বোঝা যায় এটি একটি ব্যাকরণগত একক। যেখানে ধ্বনি ও অর্থের ব্যাকরণগত যোগ আছে বা সেই যোগটা ভাষাভাষীরা করে নিয়েছে।

## রূপিমের বৈশিষ্ট্য:

১. রূপমূল এক বা একাধিক ধ্বনির সমন্বয়ে গঠিত অর্থগত ক্ষুদ্রতম একক। যেহেতু এটি ক্ষুদ্রতম তাই একে আর অর্থগত দিক থেকে বিভাজন করা যায় না।

২. এটি একটি ধ্বনিবাগর্থ সংশ্লিষ্ট একক। তার কারণ ধ্বনির সঙ্গে বাগ্‌র্থের যোগ আছে।

৩. একটি অক্ষর দিয়ে রূপমূল গঠিত হতে পারে। যেমন—'মা', 'না', 'তা', 'বা' ইত্যাদি।

৪. একটি ধ্বনি দিয়ে রূপমূল গঠিত হয়। যেমন—এ (বিভক্তি), অ, আ ইত্যাদি। এগুলি অবশ্য বাক্যে ব্যবহৃত হলে তবেই রূপমূল হওয়া সম্ভব।

৫. রূপমূল যেহেতু পৌনঃপুণিক, তাই ভাষার মধ্যে এটি বারবার ফিরে ফিরে আসে।

৬. একাধিক আলাদা আলাদা রূপমূল ধ্বনিমূলীয় উপস্থাপনা ঘটাতে পারে। যেমন—

ক. স্নান ঘরে স্নান করো

খ. বাতি ঘরে বাতি জ্বলে না।

৭. রূপমূলের বিকল্প ধ্বনিক প্রতীতী অনেক সময়ই দেখা যায়। যেমন—ইংরেজিতে শব্দ শেষে s বা es উচ্চারিত হবার কথা z রূপে। কিন্তু বিকল্প উচ্চারণ হয় [z], [s] বা [z] রূপে। বাংলায় উদাহরণ দিলেই ব্যাপারটি বোঝা যাবে। যেমন—

১. মেয়ে স্কুলে যায়।

২ক. মেয়েরা স্কুলে যায়।


খ. মেয়েগুলো স্কুলে যায়।

গ. মেয়েসমূহ স্কুলে যায়।

ঘ. মেয়েগণ স্কুলে যায়।

১ ও ২ নং বাক্যের তুলনা থেকে বোঝা যায় নিম্নরেখ রূপমূলসমূহ বহুবচনের রূপ




**রূপিমের শ্রেণীবিভাগ:**

সাধারণভাবে রূপিমকে দুভাগে ভাগ করা হয়। তা হল—

১. স্বচ্ছন্দ রূপিম (Free Morpheme)

২. বদ্ধ রূপিম (Bound Morpheme)

**স্বচ্ছন্দ রূপিম :** যে রূপিম স্বাধীনভাবে অন্য কোনও ধ্বনিসমষ্টির সঙ্গে সম্পূর্ণরূপে যুক্ত না হয়ে শব্দে ব্যবহৃত হয়, তাকে স্বচ্ছন্দ রূপিম বলে। যেমন—

**ক.** কুল মেয়েদের লোভনীয় ফল।

**খ.** সারদা মা সকলেরই মা।

উদাহরণগুলিতে 'কুল' ও 'মা' মুক্ত রূপিম। কারণ এগুলি অন্য কোনও ধ্বনিসমষ্টির সঙ্গে সম্পূর্ণরূপে যুক্ত না হয়ে স্বাধীনভাবে ব্যবহৃত হতে পারে।

**বদ্ধ রূপিম :** যে রূপিম স্বাধীনভাবে ব্যবহৃত না হয়ে অন্য কোনও ধ্বনিসমষ্টির সঙ্গে যুক্ত হয়ে শব্দে ব্যবহৃত হয়, তাকে বদ্ধ রূপিম বলে। যেমন—

**ক.** মায়ের কথা সকলের মান্য করা কর্তব্য।

**খ.** ছেলের দল স্কুলে যায়।

# রূপমূলের শ্রেণিবিন্যাস

**ক. মুক্ত ও বদ্ধ রূপমূল**

মার্কিন ভাষাবিজ্ঞানী লেনার্ড ব্লুমফিল্ড দু-রকম morpheme বা রূপমূলের কথা বলেছেন—মুক্ত (free) ও বদ্ধ (bound) রূপমূল। খুব সহজ ভাষায় বলা যায়, যে রূপমূল অন্য রূপমূলের সঙ্গে যুক্ত না হয়েও স্বাধীনভাবেই শব্দ হিসাবে ব্যবহৃত হতে পারে, সেই রূপমূলই মুক্ত রূপমূল.।

পাখি ফল খায়

আমি ভাত খাই

এই দুই বাক্যের 'ফল' ও 'ভাত' শব্দদুটি মুক্ত রূপমূল, কেননা এরা অন্য রূপমূলের সঙ্গে যুক্ত না হয়েই স্বাধীনভাবে ব্যবহৃত হতে পারে। কিন্তু নীচের দুটি বাক্যে

পাখিটা ফলটা খেল

আমি ভাতের সঙ্গে মাখন খেলাম

-টা (পাখিটা, ফলটা) এবং -এর (ভাতের) এই রূপমূলগুলি বদ্ধ, কেননা এরা স্বাধীনভাবে ব্যবহৃত হতে পারে না। ইংরেজি দৃষ্টান্ত দিয়ে দেখা যাক এবার। Fitness শব্দের fit একটি free morpheme, কিন্তু -ness একটি closed morpheme, প্রথমটি স্বাধীনভাবেই ব্যবহৃত হতে পারে, দ্বিতীয়টি অর্থাৎ -ness পারে না। বদ্ধ রূপমূলকে আশ্রিত রূপমূলও বলা হয়।

# রূপমূলের শ্রেণিবিন্যাস


**খ. সম্প্রসারিত (inflectional) ও সাধিত (derivational) রূপমূল**

একাধিক রূপমূল দিয়ে গঠিত শব্দকে জটিল শব্দ বলে। একটি মুক্ত রূপমূলের সঙ্গে বদ্ধ রূপমূলের সংযুক্তির ফলে যদি শব্দটি বদলে না যায়, যদি কেবল তার বচন, পুরুষ, ক্রিয়াকাল ইত্যাদিই বদ্ধ রূপমূল দিয়ে প্রকাশিত হয়, তবে সেই রূপমূলকে inflectional morpheme অর্থাৎ সম্প্রসারিত রূপমূল বলা হয়। Boy > boys, play > played এসব ক্ষেত্রে boys ও played এই দুটি পৃথক শব্দ নয়, বরং boy ও play-র ভিন্ন রূপমাত্র। একে ভাষাতত্ত্বে inflectional morpheme বলে। শিক্ষক > শিক্ষকেরা, মেঘ > মেঘরাশি বস্তুতপক্ষে একই শব্দের ভিন্নরূপ।

অন্যদিকে, যদি boyish বলা হয়, কিংবা player বলা হয় তাহলে একই শব্দ থাকছে না। শব্দ বদলে যাচ্ছে। একেই বলা হয় derivational morpheme বা সাধিত রূপমূল। 'মেঘ' আর 'মেঘলা' এক শব্দ নয়, অর্থও এক নয়। এই হল সাধিত রূপমূলের দৃষ্টান্ত।

# Principles of morpheme identification

- ইউজিন এ. নাইডা: আমেরিকার নৃবিজ্ঞানী ও ভাষাতাত্ত্বিক
- রূপমূল সনাক্তকরণের জন্য ৬ টি মাফকাঠির কথা উল্লেখ করেছেন
- ষাটের দশকের শেষ পর্যন্ত জনপ্রিয় ছিল
- রূপমূল সনাক্তকরণ ও বিভাজনে মতানৈক্য লক্ষ্য করা যায়



# Principles of morpheme identification

Principle: 1

Forms which have a common

1) semantic distinctiveness and
2) an identical phonemic form

----- in all their occurrences constitute a single morpheme.

**প্রথম সূত্র:** বাক্য বা বাক্যাংশের কিছু অংশ যদি একইরকম ধ্বনি বা ধ্বনি সমন্বয়ে গঠিত হয় এবং একই অর্থ প্রকাশ করে, তাহলে সেগুলি এক একটি অভিন্ন রূপিম। অর্থাৎ ভাষায় ব্যবহৃত দুটি ধ্বনিসমষ্টির মধ্যে অর্থগত ও ধ্বনিগত সাদৃশ্য থাকলে, তা রূপিম হবে। যেমন—

ক. দাতা = যে দান করে

খ. ভর্তা = যে ভরণ করে

গ. কর্তা = যে কাজ করে

এখানে তিনটি শব্দের সঙ্গেই 'তা' প্রত্যয় যুক্ত হয়েছে। আর অর্থগত মিলের ক্ষেত্রে বলা যায় তিনটি শব্দই কোনও ক্রিয়ার কর্তা। তিনটি কর্তাই উদ্দেশ্যবাচক ভাবে কাজ করেছে। সুতরাং 'তা' হল একটি রূপিম।

R.S - 365

# Principles of morpheme….. Cont……2

Principle: 2

Forms which have a common

1) semantic distinctiveness -- but which differ in phonemic form may constitute a morpheme provided the distribution of formal differences is phonologically definable.

দ্বিতীয় সূত্র: বচনসমূহের কিছু অংশ যেগুলি একই অর্থ প্রকাশ করে, কিন্তু গঠনগত দিক থেকে উভয়ের মধ্যে পার্থক্য থাকে। তবে এই পার্থক্য বা ভিন্নতা যদি ধ্বনিতাত্ত্বিক দিক থেকে ব্যাখ্যা করা যায় তবে সেগুলি অভিন্ন ধরতে হবে এবং সেগুলি রূপিম হিসাবে বিবেচিত হবে। উদাহরণ—

ক. অবিচার (এই শব্দে 'অ' যুক্ত)

খ. অনাচার ('অন্' যুক্ত)

এক্ষেত্রে 'অ' ও 'অন্' অভিন্ন বলে ধরা হয়, কেননা উভয়রূপই একই অর্থবিশিষ্ট। কিন্তু গঠনগত দিক থেকে উভয়ের মধ্যে ভিন্নতা ধ্বনিতাত্ত্বিক দিক থেকে ব্যাখ্যা করা যায়। কেননা 'অ' স্বরধ্বনিটি আদিতে ব্যঞ্জনবিশিষ্ট শব্দের সঙ্গে যুক্ত হয়েছে। আর 'অন্'

আদিতে স্বরধ্বনি বিশিষ্ট শব্দের সঙ্গে। সুতরাং 'অ' এবং 'অন্' একই রূপমের দুই ব্যতিক্রমী সদস্য। সুতরাং 'অ' এবং 'অন্' হল রূপিম।

# Principles of morpheme..... Cont.....3

Principle: 3

Forms which have a common semantic distinctivenesss by which differ in phonemic form in such a way that their distribution cannot be phonologically defined constitute a single morpheme if the forms are in complementary distribution.

তৃতীয় সূত্র: বচনের কিছু অংশ যদি একই অর্থ প্রকাশ করে এবং গঠনগত দিক থেকে উভয়ের মধ্যে পার্থক্য থাকে এবং ওই পার্থক্য বা ভিন্নতা যদি ধ্বনিতাত্ত্বিক দিক থেকে ব্যাখ্যা করা না যায়, কিন্তু সেগুলি যদি পূরক অবস্থানের শর্ত পূরণ করে, তবে তা রূপিম হিসাবে বিবেচিত হবে। স্ত্রীলিঙ্গবাচক উপাদানগুলি এক্ষেত্রে উদাহরণ হিসাবে ব্যবহৃত হতে পারে। যেমন—

ক. আভা = আ

খ. নয়নী = ঈ

গ. রাধিকা = ইকা

ঘ. চন্দ্রানী = আনী

এদের মধ্যে ধ্বনিগত ও অর্থগত সাদৃশ্য নেই। কিন্তু এরা একই রূপিম। কেননা, এই উপাদানগুলির মধ্যে ধ্বনিতাত্ত্বিক শর্তসাপেক্ষতা আছে।

# Principles of morpheme..... Cont......4

Principle: 4

An overt formal difference in a structural series constitutes a morphmem if in any member of such a series, the overt formal difference and a zero structural difference are the only significant features for distinguishing a minimal unit of phonetic-semantic distinctiveness. (i.e. replacives & zero allomorphs)

**চতুর্থ সূত্র:** বচনের কোনও কোনও অংশে অবয়বগত পার্থক্য থাকে। এগুলির ধ্বনিগত ও অর্থগত পার্থক্য একই ধ্বনিকে ভিত্তি করে বা শূন্য ধ্বনিকে ভিত্তি করে হতে পারে। শূন্য ধ্বনিকে ভিত্তি করে ধ্বনিগত ও অর্থগত পার্থক্য হলে ধ্বনিমূলকের সঙ্গে শূন্য ধ্বনিমূলক যখন সমরূপতা প্রতিষ্ঠা করে, তখন সেই শূন্য ধ্বনিমূলক গঠনকে রূপিম হিসাবে ধরা হয়। যেমন—

ক. সে ঘরে আছে।

খ. সে বাড়ি গেল।

বাক্য দুটিতে ক. উদাহরণের ক্ষেত্রে 'ঘরে' অধিকরণ কারক এবং খ. উদাহরণের ক্ষেত্রে 'বাড়ি'ও অধিকরণ কারক। কিন্তু 'ঘরে'—শব্দটিতে 'এ' বিভক্তি এবং 'বাড়ি' শব্দে 'শূন্য' বিভক্তি যুক্তি হয়েছে। যেহেতু দুটি উদাহরণেই অধিকরণ কারকের অর্থ প্রকাশিত হয়েছে, কিন্তু দুটি বাক্যের মূল পার্থক্য হল একটিতে ধ্বনিমূলক রূপিম ও অন্যটিতে ধ্বনিমূলক রূপিমের সাহায্য ছাড়া অধিকরণের সম্পর্ক প্রকাশিত। কারণ দ্বিতীয় বাক্যে পার্থক্য সৃষ্টিকারী উপাদানটি শূন্য রূপিম হিসাবে ব্যবহৃত হয়েছে।

# Principles of morpheme..... Cont......5

Principle: 5

Homophonous forms are identifiable as the same or different morphemes on the basis of: distantly different meanings = different morphemes

with related meanings = one if meaning classes are paralleled by distributional difference, = several if the meaning classes are not paralleled by distributional differences

**পঞ্চম সূত্র:** একাধিক সমধ্বনিমূলক রূপকে আলাদা আলাদা রূপিম হিসাবে চিহ্নিত করা যায়। তবে এ ক্ষেত্রে কতগুলি শর্ত থাকতে পারে। যেমন—

১. সমধ্বনিমূলক রূপ যদি স্পষ্টভাবে পৃথক পৃথক অর্থ প্রকাশ করে, তবে তা রূপিম হিসাবে বিবেচিত হবে। যেমন—দাতা, লতা, সততা, জনপ্রিয়তা, গ্রহণীয়তা ইত্যাদি। এখানে 'তা' প্রত্যয়টি ভিন্ন ভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে। 'তা' উপাদানটি সব উদাহরণগুলিতে ব্যবহৃত হলেও আলাদা আলাদা অর্থ প্রকাশ করেছে। যেমন—'লতা' এবং 'দাতা' কর্তা হিসাবে ব্যবহৃত। কিন্তু 'সততা', 'জনপ্রিয়তা', 'গ্রহণীয়তা' বিশেষ্য অর্থে ব্যবহৃত হয়েছে। তাই ধ্বনিগত গঠন এক থাকলেও উদাহরণগুলির মধ্যে অর্থগত পার্থক্য আছে বলেই এদেরকে রূপিম বলে বিবেচনা করা হয়।

২. সমধ্বনিমূলক রূপের অর্থ যদি 'পরস্পর সম্পর্কযুক্ত' হয়, এবং সেগুলি যদি আর্থ-শ্রেণী বৈশিষ্ট্য অবস্থানগত পার্থক্যের সঙ্গে সমান্তরাল হয়, তাহলে সেগুলি অভিন্ন রূপিম হবে। যেমন—'কাল' শব্দটি।

ক. কাল = সময়

খ. কাল = সর্বনাশ

এগুলি বাক্যের অর্থ অনুযায়ী পৃথক রূপিম হিসাবে ব্যবহৃত হয়।

# Principles of morpheme..... Cont......6

Principle: 6

A morpheme is isolatable it if occurs:

1) in isolation

2) in multiple combinations in at least one of which the unit with which it is combined occurs in isolation or in other combinations.

3) in a single combination provided the element with which it is combined occurs in isolation or in other cominations with nonunique constitutuents.

ষষ্ঠ সূত্র: পরিবেশের ভিত্তিতে রূপিম আলাদা হয়ে যায়। যেমন—

১. সম্পূর্ণ বিচ্ছিন্ন বা স্বাধীনভাবে ব্যবহৃত হলে মুক্ত বা স্বচ্ছন্দ রূপিম হবে। উদাহরণ—আম, বালক ইত্যাদি।

২. বিভিন্ন সমন্বয়ে ব্যবহৃত হলেও রূপিম যদি একটি সমন্বয় বা অন্যান্য সমন্বয়ে আলাদাভাবে ব্যবহৃত হয়, তবে সেটি বদ্ধ রূপিম। যেমন—দিকচিহ্ন, আমসত্ত্ব, চাকচিক্য ইত্যাদি।

৩. কোনও একটা সমন্বয়ে ব্যবহৃত হলেও রূপিম হবে। তবে যে উপাদানটির সঙ্গে ব্যবহৃত হবে, তা বিচ্ছিন্ন ভাবে থাকবে। আবার অন্য কিছুর সমন্বয়ে থাকলে তা স্বতন্ত্রভাবে ব্যবহৃত হবে। তবে এই রূপিম বাংলাতে খুবই কম দেখা যায়।